



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
ইপ-১ অধিশাখা  
www.lgd.gov.bd

উন্নয়নের মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

নথি নং-৪৬.০০.৫১০০.০১৭.২৭.০০২.১৮- ৩৯

তারিখ : ৩০ পৌষ, ১৪২৭  
১৪ জানুয়ারি, ২০২১

**প্রজ্ঞাপন**

যেহেতু, লক্ষ্মীপুর জেলার রামগঞ্জ উপজেলার ০৯নং ভোলাকোট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব বশির আহম্মেদ মানিক এর বিরুদ্ধে ইউনিয়ন পরিষদের সভা অনুষ্ঠান, প্রকল্পের কাজ, ভিজিডি/ভিজিএফ কার্ড বিতরণ, জন্ম/মৃত্যুর সনদ প্রদান, ওয়ারিশ সনদ প্রদান, ঘরে ঘরে নম্বর প্রোট প্রদান, ট্রেড লাইসেন্সসহ অধিকাংশ ক্ষেত্রে অনিয়ম, দুর্নীতি, অর্থ আত্মসাত এবং স্বজনপ্রীতির অভিযোগে উক্ত ইউনিয়ন পরিষদের ১০ (দশ) জন সদস্য কর্তৃক অনাস্থা প্রস্তাব উত্থাপিত হয়েছে এবং সরেজমিন তদন্তে উত্থাপিত অভিযোগসমূহ প্রমাণিত হয়েছে;


যেহেতু, উক্ত অনাস্থা প্রস্তাবের বিষয়ে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৯ ধারা অনুযায়ী উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, রামগঞ্জ, লক্ষ্মীপুর কর্তৃক বিশেষ সভা আহবান করে গোপন ব্যালটের মাধ্যমে অনাস্থা প্রস্তাবের পক্ষে ও বিপক্ষে ভোট গ্রহণ করা হয় এবং অনাস্থা প্রস্তাবের পক্ষে ১০ (দশ)টি ভোট পড়ে যা দুই-তৃতীয়াংশের বেশী;

যেহেতু লক্ষ্মীপুর জেলার রামগঞ্জ উপজেলার ০৯নং ভোলাকোট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব বশির আহম্মেদ মানিক এর বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ তদন্তে প্রমাণিত হওয়ায় এবং বিশেষ সভায় উত্থাপিত অনাস্থা প্রস্তাবটি দুই-তৃতীয়াংশের বেশী ভোটে গৃহীত হওয়ায় বর্ণিত ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক জনস্বার্থে ইউনিয়ন পরিষদের দায়িত্ব পালন করা সমীচীন হবে না মর্মে বিবেচিত হওয়ায় জেলা প্রশাসক, লক্ষ্মীপুর সুপারিশসহ প্রেরিত অনাস্থা প্রস্তাবটি সরকার কর্তৃক স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৯(১৩) ধারা অনুযায়ী অনুমোদিত হয়েছে;

সেহেতু, স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৯(১৩) ধারার বিধান অনুযায়ী সরকার কর্তৃক জনস্বার্থে অনাস্থা প্রস্তাবটি অনুমোদিত হওয়ায় ০৯নং ভোলাকোট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব বশির আহম্মেদ মানিক এর পদটি একই আইনের ৩৫(১)(চ) ধারা অনুযায়ী শূন্য ঘোষণা করা হলো।

০২। উপজেলা নির্বাহী অফিসার, রামগঞ্জ, লক্ষ্মীপুর স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৫(২) ধারা মোতাবেক শূন্য ঘোষণা সংক্রান্ত গেজেট বিজ্ঞপ্তি জারির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

০৩। এ আদেশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে জারী করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।

 ২৪/০১/২০

(মো: আবুজাফর রিপন)

সিনিয়র সহকারী সচিব

৯৫৮৬৬০৫


Email:Up1lgd@gmail.com

নথি নং-৪৬.০০.৫১০০.০১৭.২৭.০০২.১৮- ৩৯

তারিখ : ৩০ পৌষ, ১৪২৭  
১৪ জানুয়ারি, ২০২১

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ০১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। জেলা প্রশাসক, লক্ষ্মীপুর।
- ০৩। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৪। উপজেলা নির্বাহী অফিসার, রামগঞ্জ, লক্ষ্মীপুর।
- ০৫। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (প্রজ্ঞাপনটি স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৬। অতিরিক্ত সচিব (ইউপি), মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৭। জনাব বশির আহম্মেদ মানিক, চেয়ারম্যান (অপসারণকৃত), ০৯ নং ভোলাকোট ইউনিয়ন পরিষদ, রামগঞ্জ, লক্ষ্মীপুর।
- ০৮। অফিস কপি।

 ২৪/০১/২০২১

(মো: আবুজাফর রিপন)

সিনিয়র সহকারী সচিব